সংবাদ সংবাদ

তারিখ 24 JAN 2003 ...
পৃষ্ঠা ... ২ কলাম ... ৬

# বিজ্ঞানকে জনপ্রিয় করতে ক্ষুদে বিজ্ঞানীদের এগিয়ে আসতে হবে

---------------- ড. মঈন খান

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিমন্ত্রী ড. আবদুল মঈন খান দেশের সার্বিক উন্নয়নের ধারাবাহিকতায় বিজ্ঞানের উদ্ভাবনাগুলোকে জনপ্রিয় করার মানসিকতা নিয়ে এগিয়ে আসার জন্য ক্ষুদে বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বৃহস্পতিবার বিসিএসআইআর কমিটি রুমে আয়োজিত স্কুলের মেধাবী বিজ্ঞান ছাত্রীদের এক সমাবেশে মন্ত্রী বলেন, বিজ্ঞানকে জনপ্রিয় করা এবং এর সুফল জনগণের কাছে পৌঁছে দেয়ার জন্য ক্ষুদে বিজ্ঞানীদের এগিয়ে আসতে হবে এবং বিজ্ঞানের ওপর জ্ঞান ভালভাবে রপ্ত করতে হবে।

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব কাহার মাহমুদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব অধ্যাপিকা ড. খাদিজা খাতুন। অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য রাখেন বিসিএসআইআর-এর চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন।

উল্লেখ্য, ক্ষুদে বিজ্ঞানীদের মধ্যে বিজ্ঞান গবেষণাগার পরিদর্শনের প্রয়াসস্বরূপ ৪টি স্কুলের বিজ্ঞানের মেধাবী ছাত্রীদের বিসিএসআইআর গবেষণাগার ও আণবিক শক্তি গবেষণাকেন্দ্র পরিদর্শনের সুযোগ দেয়া হয়। এই ৪টি স্কুল হলো ভিকারুননেসা নূন বালিকা বিদ্যালয়, আণবিক শক্তি কমিশন সাভার বিদ্যালয়, বিসিএসআইআর বিদ্যালয় ও আজিমপুর অগ্রণী বালিকা বিদ্যালয়।